

আইন -১

www.lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০২০.০০৪.০১.০০.১৬১.২০২১-১১২৮

তারিখ: ২৩ ভাদ্র ১৪২৮

০৭ সেপ্টেম্বর ২০২১


বিষয়: রিট পিটিশন নং-৪৯৭৬/২০২১ এর রুল ও আরজির আলোকে প্রাপ্ত ঘটনার প্রকৃত বিবরণী ও আনুসঙ্গিক কাগজপত্র প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: স্থানীয় সরকার বিভাগ, ইউনিয়ন পরিষদ-১ শাখার স্মারক নং- ৪৯৯, তাং ১৬/০৬/২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে শরীয়তপুর জেলার সদর উপজেলাধীন শৌলপাড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব ইয়াছিন হাওলাদার-কে স্বীয়পদ হতে সাময়িক বরখাস্ত করার নিমিত্ত ০৯/০৫/২০২১ তারিখের ৪১৭ নং স্মারকে জারীকৃত প্রজ্ঞাপন বাতিলের বিষয়ে স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব মহোদয়সহ ০৪ (চার) জনকে প্রতিপক্ষ করে রিট পিটিশন নং-৪৯৭৬/২০২১ দায়ের করা হয়েছে। বিজ্ঞ আদালত তর্কিত বিষয়ে ০৩ (তিন) মাসের স্থগিতাদেশ দিয়েছেন। উক্ত রিট পিটিশনে সরকার পক্ষে মামলা প্রতিদ্বন্দ্বিতা করার জন্য এ বিভাগের গত ২৫/০৮/২০২১ খ্রি. তারিখের ১০৩৯ নং স্মারকে বিজ্ঞ প্যানেল আইনজীবী জনাব মোঃ আশরাফুল আলম-কে দায়িত্ব প্রদান করা হয় এবং একই তারিখের ১০৩৮ নং স্মারকে জেলা প্রশাসক, শরীয়তপুর-এর নিকট দফাওয়ারী জবাব চাওয়া হয়। তদপ্রেক্ষিতে ঘটনার প্রকৃত বিবরণী ও আনুসঙ্গিক কাগজপত্র পাওয়া গেছে।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৪৯৭৬/২০২১ এর রুল ও আরজির আলোকে প্রাপ্ত প্রকৃত বিবরণী ও আনুসঙ্গিক কাগজপত্র পরবর্তী প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ১



৭-৯-২০২১

মোঃ মহিউদ্দীন শামীম

সহকারি সচিব

ফোন: ৯৫৪০৯৯৫

ইমেইল: lglaw1@lgd.gov.bd

জনাব মো: আশরাফুল আলম, বিজ্ঞ প্যানেল আইনজীবী  
স্থানীয় সরকার বিভাগ

স্মারক নম্বর: ৪৬.০২০.০০৪.০১.০০.১৬১.২০২১-১১২৮/১(৪)

তারিখ: ২৩ ভাদ্র ১৪২৮

০৭ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) যুগ্মসচিব, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ
- ২) উপসচিব, ইউনিয়ন পরিষদ -১ শাখা, স্থানীয় সরকার বিভাগ
- ৩) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ

৪) সহকারী প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ



৭-৯-২০২১

মোঃ মহিউদ্দীন শামীম

সহকারী সচিব